



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),

www.mymensingheducationboard.gov.bd

নং- ময়শিবো/প্রশাঃ/০২/২৫/১৮/৬৮

তারিখ : ২৩/০২/২০২২ খ্রিঃ

বিষয় : নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্ণিং বডি/ম্যানেজিং কমিটি গঠন ও নির্বাচন প্রসঙ্গে।


সূত্র : বোর্ডের পত্র স্মারক নং- ময়শিবো/প্রশাঃ/০২/২৫/১৮/১৫ তারিখ ২৪/০১/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওতাধীন নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার/ রিটার্নিং কর্মকর্তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক ২২/০১/২০২২ খ্রিঃ হতে কোভিড-১৯ মহামারীর কারণে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করায় অত্র বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচন কার্যক্রম বন্ধ করা হয়েছিল। বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ চালু হওয়ায় প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি ১২ হতে প্রবিধি ২৮ পর্যন্ত দফাগুলো অনুসরণপূর্বক উক্ত প্রবিধানমালার প্রবিধি ৪ মোতাবেক গভর্ণিং বডি এবং প্রবিধি ৭ ও ৮ মোতাবেক ম্যানেজিং কমিটি গঠন করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য নির্বাচন সংক্রান্ত কার্যক্রম পূর্বে যে অবস্থায় বন্ধ রাখা হয়েছিল সেখান থেকেই আবার কার্যক্রম শুরু করা যাবে।

Intermediate and Secondary Education Board 1961 (E.P. Ord. No. XXXIII of 1961) এর Section II এর ক্ষমতাবলে এই নির্দেশনা জারী করা হলো।

প্রাপক : সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/প্রিজাইডিং
অফিসার/রিটার্নিং কর্মকর্তা


প্রফেসর ড. গাজী হাসান কামাল
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং - ৬৮(৬)

তারিখঃ ২৩/০২/২০২১ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলাসমূহ।
- ৪। জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলাসমূহ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট উপজেলাসমূহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলাসমূহ।
- ৭। অফিস কপি।